দৈনিক বাংলা

বাংলাদেশ শিক্ষা তথ্য ও পরিসংখ্যান ব্যুরো
ডকুমেন্টেশন কেন্দ্র

তারিখ 12 MAR 1988
পৃষ্ঠা 1 কলাম 3

৫৩

120

# স্বায়ত্তশাসিত কম্পিউটার সংস্থা হচ্ছে

(স্টাফ রিপোর্টার)

সকল সরকারী, আধা-সরকারী ও স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে কম্পিউটার ব্যবস্থা চালুর উদ্দেশ্যে জাতীয় কম্পিউটার বোর্ডকে প্রয়োজনীয় ক্ষমতা দেয়া হচ্ছে। এই উদ্দেশ্যে বোর্ডকে একটি স্বয়ং-সম্পূর্ণ স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে রূপান্তরিত করা হবে। বোর্ড সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের কর্মকর্তা ও কর্মচারীদের প্রশিক্ষণ ও পরামর্শ দেবে এবং প্রয়োজনীয় বিশেষজ্ঞ

(৩-এর পৃঃ দ্রঃ)

## সংস্থা হচ্ছে

(১ম পৃঃ পর)

ও যন্ত্রপাতি সরবরাহ করবে। খবর নির্ভরযোগ্য সূত্রের।

এই উদ্দেশ্যে প্রয়োজনীয় ফান্ড অফিস স্টাফ কাজের পরিধি প্রভৃতির উল্লেখ করে সংশ্লিষ্ট কর্তৃপক্ষের মতামত নিয়ে উচ্চ পর্যায়ের অনুমোদনের জন্য কাগজপত্র পাঠান হয়েছে।

নির্ভরযোগ্য সূত্রের আরো খবর জাতীয় কম্পিউটার বোর্ড স্বয়ং-সম্পূর্ণ স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠান হিসেবে কাজ করার জন্য এর মধ্যে ৩৭ জন স্টাফের অনুমোদন পেয়েছে। এই স্টাফ অনুমোদন পাওয়ার পর বোর্ড একটি তিন-তলা বাসাও ভাড়া নিয়েছে। ভাড়া নেয়া এই বাসায় অচিরেই বোর্ডের অফিস স্থানান্তরিত করা হবে।